

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬০৩

কৈলাসহর, ২৫ অক্টোবর, ২০২৪

রাজ্যভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলা

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রীর সভাপতিত্বে কৈলাসহরে প্রস্তুতি সভা

রাজ্যভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলার আয়োজন উপলক্ষে আজ কৈলাসহরের সার্কিট হাউজে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে আগামী ১৩- ১৫ নভেম্বর তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক যুব উৎসব কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হবে। তাছাড়া শ্রীরামপুর এসএমএইচ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে বিজ্ঞান মেলা ও প্রদর্শনী। সভায় রাজ্যভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য একটি পরিচালন কমিটি ও ৯টি উপকমিটি গঠন করা হয়েছে। সভায় উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, সহকারি সভাধিপতি সন্তোষ ধর, কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, চন্দীপুর পথগায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস পাল, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্ৰবৰ্তী, উনকোটি জেলার জেলাশাসক দীলিপ কুমার চাকমা, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যৱত নাথ, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। রাজ্যভিত্তিক যুব উৎসবে দলগত ও একক লোকনৃত্য, লোকগীতি, পেইনটিং, কবিতা ও গল্প লেখা বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
